

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৫২১

কমলপুর, ২২ জানুয়ারি, ২০২৫

কমলপুরে ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উদযাপিত

কমলপুর মহকুমায় গতকাল ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস-২০২৫ উদযাপন উপলক্ষ্যে কমলপুরের নজরুল ভবনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। মহকুমা তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং কমলপুর নগর পঞ্চায়েতের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক মনোজ কান্তি দেব। পূর্ণরাজ্য দিবস উদযাপন উপলক্ষ্যে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। স্থানীয় শিল্পীগণ বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেন। অনুষ্ঠানে বিধায়ক মনোজ কান্তি দেব ত্রিপুরা পূর্ণরাজ্য দিবসের গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কমলপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন প্রশান্ত সিনহা, দুর্গাচৌমুহনি পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান সৌমিত্র গোপ, কমলপুর নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন সুব্রত মজুমদার প্রমুখ।
